দৈনিক সংবাদ

তারিখ 29 JAN 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

সংসদে প্রশ্নোত্তর

# সন্ত্রাসের জন্য ঢাকা ভার্সিটি ১৯ বছরে ৪৫১ দিন বন্ধ ছিল

।। সংসদ রিপোর্টার ।।

১৯৭২ থেকে ১৯৯১ সাল পর্যন্ত সন্ত্রাসী কার্যকলাপের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৫১ দিন বন্ধ ছিল। এর মধ্যে ১৯৭৩-৭৪ সালে ১ দিন, ১৯৮২-৮৩-তে ৯৩ দিন, ১৯৮৩-৮৪-তে ২১ দিন, ১৯৮৪-৮৫-তে ১২২ দিন, ১৯৮৫-৮৬-তে ২২দিন, ১৯৮৭-৮৮-তে ৬৯ দিন, ১৯৯০-৯১-তে ৩১ দিন এবং ১৯৯১-৯২-তে ৬৯দিন ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল।

আওয়ামী লীগের রওশন আলীর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার গতকাল মঙ্গলবার সংসদে এই তথ্য জানিয়েছেন।

## বিশ্ববিদ্যালয়ে ছাত্র পিছু ব্যয়ের পরিমাণ

শিক্ষামন্ত্রীর অনুপস্থিতিতে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান আওয়ামী লীগের রহমত আলীর এক প্রশ্নের উত্তরে বলেনঃ ১৯৮৯-৯০ অর্থবছরের হিসাব অনুযায়ী একজন ছাত্রের জন্য বার্ষিক মাথাপিছু ব্যয়ের পরিমাণ ১৯ হাজার ৪শ' ৫৩ টাকা ৭২ পয়সা।

শিক্ষা প্রতিমন্ত্রী জানানঃ ছাত্রদের মাথাপিছু ব্যয় হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২৪ হাজার ৬শ' ১৯ টাকা ৩২ পয়সা, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৪ হাজার ৪শ' ৫০ টাকা, কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫৩ হাজার ৫৫০ টাকা ২২ পয়সা, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২৪ হাজার ৫শ' ৮৮ টাকা ২৬ পয়সা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯ হাজার ১শ' ২২ টাকা ৪৮ পয়সা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২৫ হাজার ৪শ' ৬৯

প্রশ্নোত্তর ঃ পৃঃ ৮ কঃ ৮

01